

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

তারিখ: ২২.০৭.২০১৮ খ্রি.

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬১.১৮- ২৩৫

বিষয়: কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসার উপাধ্যক্ষ, মো: মেহের আলী এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

তারিখ: ১৯.০৩.২০১৮ খ্রি.

সূত্র: (১) কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসার উপাধ্যক্ষ, মো: মেহের আলী এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসার উপাধ্যক্ষ, মো: মেহের আলী মাদরাসার গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন ১৬.০৮.২০০৯ খ্রি. তারিখ হতে জুন/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ১৬.০৮.২০০৯ খ্রি. তারিখে তৎকালীন গভর্নিং বডি কর্তৃক উপাধ্যক্ষ, মো: মেহের আলীকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত সাময়িক বরখাস্তাদেশ চ্যালেঞ্জ করে তিনি মোকদ্দমা দায়ের করেন যার নং- ৪২/০৯। আদালতের রায়ের প্রেক্ষিতে পরবর্তীতে জনাব মো: মেহের আলীর সাময়িক বরখাস্তকরণ আদেশ প্রত্যাহার করে স্ব-পদে বহাল করা হয় এবং তিনি আদালতের রায়ের আলোকে ১৬.০৮.২০০৯ খ্রি. তারিখ হতে জুন/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),
কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসা
ডাক: কৌঠালবাড়ী, উপজেলা: সদর, জেলা: কুড়িগ্রাম।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল: adfinance.dme@gmail.com

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম।
- ৫। সভাপতি, কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসা, ডাক: কৌঠালবাড়ী, উপজেলা: সদর, জেলা: কুড়িগ্রাম।
- ৬। জনাব মো: মেহের আলী, উপাধ্যক্ষ, কৌঠালবাড়ী নুরুল্লাহ ফাযিল মাদরাসা।
- ৭। অফিস কপি।